

Times Today BD

মেহেদী হাসান | ক্যাম্পাস | 28 June, 2025

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) বরিশাল ক্যাম্পাসে গ্যারেজ না থাকায় শিক্ষার্থীদের ব্যবহারের জন্য বরাদ্দকৃত বাসটি খোলা আকাশের নিচে পড়ে থেকে দিনদিন ক্ষতিগ্রস্ত হচ্ছে।

জুলাই বিপ্লব-পরবর্তী সময়ে শিক্ষার্থীদের দাবির মুখে প্রশাসন বরিশাল ক্যাম্পাসে একটি বাস সরবরাহ করে। তবে অব্যবস্থাপনার কারণে বাসটির রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়নি। ফলে রোদ, বৃষ্টি ও ধূলাবালির প্রভাবে বাসটির বাহ্যিক সৌন্দর্য ও যান্ত্রিক কার্যকারিতা নষ্ট হচ্ছে। গ্যারেজ নির্মাণের জন্য একাধিকবার দাবী জানানো হলেও প্রশাসন কেবল আশ্বাস দিয়েছে, বাস্তব অগ্রগতি দৃশ্যমান নয়। এতে শিক্ষার্থীদের মধ্যে অসন্তোষ ও ক্ষোভ সৃষ্টি হয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে ডিভিএম ২০ ব্যাচের শিক্ষার্থী সাইমুন হাসান বলেন, "বাসের জন্যে কোনো প্রকার সেড না থাকায় রক্ষণাবেক্ষণে ঝড় বৃষ্টিতে নানাভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। বাসের রং, বাসের গ্লাসে সমস্যা দেখা দিয়েছে। এই স্বল্প মাত্রার বিনিয়োগের জন্য আমাদের এই মূল্যবান সম্পদ নষ্ট হচ্ছে। ক্ষতিগ্রস্তের কাছে আমাদের অনুরোধ থাকবে দ্রুত সময়ে যেন গ্যারেজের যথাযথ ব্যবস্থা করা হয়।"

বাসের চালক মোঃ শামীম হোসেন বলেন, "খোলা আকাশের নিচে বাস থাকার কারণে রোদ বৃষ্টিতে বাসের রং নষ্ট হচ্ছে, রোদের কারণে সামনের গ্লাসের রাবার অনেকটা চেপে গিয়েছে যার জন্যে চারপাশ থেকে গ্লাস ফাঁকা হয়েছে। মূলত বাস পার্কিং এর সমস্যা হচ্ছে, বাসের জন্যে কাজিফত গ্যারেজ থাকলে এ ধরনের সমস্যা থেকে বাসকে রক্ষা করা যেতো।"

এ প্রসঙ্গে পরিবহন দায়িত্বপ্রাপ্ত সহকারী অধ্যাপক আনোয়ার জাহিদ বলেন, "বাসের জন্য গ্যারেজ খুব প্রয়োজন। টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং টিচার্স কোয়ার্টারের পাশের ফাঁকা জায়গায় গ্যারেজ নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। চলতি মাসের শেষেই ঠিকাদার এসে জায়গাটি রেজিস্ট্রি করবেন এবং শিগগিরই কাজ শুরু হবে।"

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. ইকতিয়ার উদ্দিন বলেন, "এই কাজগুলোর জন্য ডিপিপি (ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল) প্রেরণ করতে হয়। আমাদের ভিসি স্যার বরিশাল ক্যাম্পাসের উন্নয়নের উপর বিশেষ গুরুত্ব দিচ্ছেন। আর ধারাবাহিকভাবে এসব সমস্যার সমাধান করা হবে।"

URL: <https://www.timestodaybd.com/campus/7758073870>